

Times Today BD

আল কারিয়া চৌধুরী | রাজশাহী | 05 April, 2025

জয়পুরহাটের আক্কেলপুর উপজেলার মোহনপুর বাজারের চারটি দোকানে দুর্ধর্ষ ডাকাতির ঘটনা ঘটেছে। স্থানীয়রা বলছে, এসময় ডাকাতরা ৭ জন নৈশপ্রহরীকে মারপিট করে বেঁধে রেখে চার দোকান থেকে প্রায় ৪৫ লাখ টাকার মালামাল ট্রাকে করে লুট করে নিয়ে যায়। শুক্রবার রাত আনুমানিক ৩ টার দিকে এ ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্ত দোকানী ও নৈশপ্রহরীরা জানান, রাতে ২০ থেকে ২৫ জন মুখোশধারি একটি ডাকাতদল ট্রাকে করে আক্কেলপুরের মোহনপুর বাজারে আসেন। এরপর ডাকাতরা বাজারে ডিউটিরত ৭ জন নৈশপ্রহরীকে মারপিট শুরু করে হাত-পা ও মুখ বেঁধে রাখেন। এরপর তারা ওই বাজারের মেহেদী হাসানের কীটনাশকের দোকানে তালা কেটে ৩০ লাখ টাকার কীটনাশক, সাইফুলের মুদিখানার দোকান থেকে নগদ টাকাসহ ৭ লাখ টাকার মালামাল, সানাউলের কীটনাশক দোকান থেকে আনুমানিক ৫ লাখ টাকার মালামাল ও ফজলুর রহমানের ইলেকট্রনিক দোকান থেকে আনুমানিক ৩ লাখ টাকার মালামালসহ মোট প্রায় ৪৫ লাখ টাকার মালামাল ট্রাকযোগে লুট করে নিয়ে যায়। পরে খবর পেয়ে পুলিশ সুপার মুহম্মদ আবদুল ওয়াহাবসহ পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেন।

আক্কেলপুর থানার অফিসার ইনচার্জ মাসুদ রানা জানান, খবর পেয়ে আমরা ঘটনাস্থলে এসেছি। এ ঘটনায় তদন্ত চলছে। পাশাপাশি আসামীদের ধরতে পুলিশ অভিযান চালাচ্ছে।

পুলিশ নৈশপ্রহরী ডাকাতি ডাকাত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:59

URL: <https://www.timestodaybd.com/public/rajshahi/325775807>